

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষ্ণীয়।]

১। (ক) উদাহরণসহ 'ব'-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ।

অথবা,

(খ) যে কোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখ:

ঐশ্বর্যবান, উদ্যোগ, বিজ্ঞান, পদ্ম, একাডেমি, ব্রাহ্মণ, আহ্বান, অতঃপর।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

অথবা,

(খ) যে কোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখ:

আকাঙ্ক্ষা, প্রাতঃভ্রমণ, সলজ্জিত, সম্মানীয় আনুষঙ্গিক, সর্বস। নুন্যতম, ব্যবহারজীবী, আনুষঙ্গিক, সর্বস।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? বিশেষ্য পদের শ্রেণিবিভাগ আলোচনা কর।

অথবা,

(খ) নিম্নরেখ যে কোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর:

- (i) বাঃ! চমৎকার একটা দৃশ্য দেখলাম।
- (ii) আমাদের দেশের প্রাকৃতিক সৌন্দর্য অতুলনীয়।
- (iii) সে নিজে অঙ্কটা করেছে।
- (iv) তুমি আর আমি প্রতিদিন কলেজে যাই।
- (v) ছেলেটা জোরে চিৎকার করে উঠল।
- (vi) নীল আকাশের নিচে বসে আছি।
- (vii) আগামীকাল তুমি একবার এসো।
- (viii) ময়না পাখি কথা বলতে পারে।

৪। (ক) উপসর্গের প্রয়োজনীয়তা আলোচনা কর।

অথবা,

(খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যে-কোনো পাঁচটি):

দম্পতি, মনগড়া, হাসাহাসি, জনমানব, রক্তকমল, সপ্তর্ষি, বিশ্রি, প্রশান্তি।

৫। (ক) একটি সার্থক বাক্যের গুণাবলি আলোচনা কর।

অথবা,

(খ) বন্ধনীর নির্দেশ অনুসারে বাক্যসূত্র কর (যে-কোনো পাঁচটি)

- (i) মাতৃভূমির সেবা করা কর্তব্য। (অনুজ্ঞাবাচক)
- (ii) তারা নিয়মিত শিক্ষার্থী নয়। (অস্তিত্ববাচক)
- (iii) এ পৃথিবী অস্থায়ী। (নেতিবাচক)
- (iv) এখানে এসেই সে বসে পড়ল। (যৌগিক)
- (v) দেশপ্রেমিককে সকলেই ভালোবাসে। (প্রশ্নবোধক)
- (vi) জ্ঞানীরাই সত্যিকার ধনী। (জটিল)
- (vii) যে লোক দুর্জন, সে পরিত্যজ্য। (সরল)
- (viii) কী মজার গল্প। (নির্দেশাত্মক)

৬। (ক) বাক্য শুদ্ধ করে লেখ (যে কোনো পাঁচটি)

- (i) সভায় সকল সদস্যগণ উপস্থিত ছিলেন।
- (ii) আমরা তার বিদেহী আত্মার শান্তি কামনা করছি।
- (iii) পাহাড়ের সৌন্দর্যতা আমাকে বিমুগ্ধ করে।
- (iv) লাভণ্য অত্যন্ত বুদ্ধিমান মেয়ে।
- (v) মামলায় সে সাক্ষী দিবে।

- (vi) সারাজীবন ভাতের বেগার খেটে মরলাম।  
(vii) উপরে উল্লিখিত বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ করছি।  
(viii) অফিস চলাকালীন সময়ে হর্ন বাজাবেন না।

অথবা,

(খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ।

বাংলাদেশ একটি উন্নতশীল দেশ। দারিদ্র্যতা আমাদের দেশের প্রধান সমস্যা নয়। তাই জাতীয় জীবনে উন্নতির জন্য কৃচ্ছতা সাধন; সখ্যতা ও ঐক্যমত দরকার।

৭। (ক) যে কোনো দশটি শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ:

Autonomous, Bond, Deed of gift, Idiom, Justice, Quarantine, Republic, Vocation, Tally, Leaflet, Uniform, Sanction, Weekend, Fundamental, Zonal office.

অথবা,

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর:

Patriotism is a good' virtue. It is a strong, unselfish and noble sentiment. It gives courage and strength to preserve freedom, democracy and human rights. A true patriot can sacrifice his life for his own country. False patriotism makes a man selfish.

৮। (ক) তোমার কলেজে অনুষ্ঠিত মহান বিজয় দিবস উদ্যাপনের একটি দিনলিপি রচনা কর।

অথবা,

(খ) তোমার কলেজে অনুষ্ঠিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা সম্পর্কিত একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) তোমার দেখা কোনো সড়ক দুর্ঘটনার বিষয় জানিয়ে বন্ধুকে একটি বৈদ্যুতিন পত্র প্রেরণ কর।

অথবা,

(খ) শিক্ষাপ্রমণে যাওয়ার অনুমতি ও আর্থিক সহায়তা চেয়ে তোমার কলেজের অধ্যক্ষের বরাবর একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ:

মানুষের সুন্দর মুখ দেখে আনন্দিত হয়ো না। স্বভাবে যে সুন্দর নয়, দেখতে সুন্দর হলেও তার স্বভাব, তার স্পর্শ, তার রীতি-নীতিকে মানুষ ঘৃণা করে। দুঃস্বভাবের মানুষ মানুষের হৃদয়ে জ্বালা এবং বেদনা দেয়, তার সুন্দর মুখে মানুষ তৃপ্তি পায় না। অবোধ লোকেরাই মানুষের রূপ দেখে মুগ্ধ হয় এবং তার ফল ভোগ করে। যার স্বভাব মন্দ, সে নিজেও দুষ্ক্রিয়শীল, মিথ্যাবাদী, দুর্মতিকে ঘৃণা করে। মানুষ নিজে স্বভাবে সুন্দর না হলেও সে স্বভাবের সৌন্দর্যকে ভালোবাসে।

অথবা,

(খ) ভাব-সম্প্রসারণ কর:

দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য।

১১। (ক) শব্দ দৃষণের কুফল সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর।

অথবা,

(খ) উপযুক্ত শিরোনামসহ নিচের সংকেত অনুসরণে একটি খুদে গল্প লেখ:

জাকি অনেক জমির মালিক। জীবনের নেশাও যেন তার শুধু জমি কেনা। তার স্ত্রী তাকে জমি কেনা থেকে বারণ করতে পারছে না। তাদের একমাত্র মেয়ে জুহির পড়াশুনার দিকেও সে নজর দিতে পারছে না। জমি বিক্রির খবর পেলেই সে বিক্রেতার সাথে যোগাযোগ করতে.....

১২। নিচের যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর:

(ক) স্মার্ট বাংলাদেশ

(খ) অমর একুশে

(গ) বাংলাদেশের পোশাক শিল্প

(ঘ) শিষ্টাচার

(ঙ) শিক্ষাক্ষেত্রে তথ্য-প্রযুক্তির ব্যবহার।